



ISO 9001:2015 CERTIFIED

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

ফোনঃ ৭৭৬৫২৪২ (অফিস)
৭৭৬৫২৪৪ (ফ্যাক্স), ৭৭৬৫২৪৫ (অভিযোগ কেন্দ্র)
ওয়েবসাইট : www.dhakapbs2.org.bd
ই-মেইল : dhakapbs2@gmail.com
info@dhakapbs2.org.bd

=১=

স্মারক নং-২৭.১২.২৬৬২.৫১৭.০১.০০৩.২০১৮. ৪০৭

তারিখঃ- ২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ।
০৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ।

“ পুনঃ আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি ”

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস সার্ভিস কোড এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ক্যাশিয়ার পদে কর্মরত আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নামঃ (ক) ক্যাশিয়ার।

আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশসহ স্বহস্তে লিখিত পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদনপত্র, সাম্প্রতিক কালের পাসপোর্ট সাইজের ০৩(তিন)কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩(তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (৩০০-৫১ অনুযায়ী) প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, চাকুরীতে প্রথম যোগদান ও নিয়মিতকরণের সত্যায়িত কপি, বিনা আপত্তির সনদপত্র এবং নিম্নবর্ণিত ০৬ নং শর্তের আলোকে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সহ আবেদনপত্র আগামী ২৭/০২/২০১৮ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১২:০০ ঘটিকায় ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০ এ স্বশরীরে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সকল সনদপত্রের/প্রমাণ পত্রের ফটোকপি এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন এবং ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
- ০২। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা ও বাপবিবোর্ড এর সার্কুলার মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- ০৩। অতীত কর্ম সম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।
- ০৪। বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং সর্বশেষ ০৩ বছরে কমপক্ষে ৩.৫০ থাকতে হবে।
- ০৫। শৃঙ্খলাজনিত কারণে শাস্তি ভোগ করেছেন(সর্বশেষ ৩ বছরে গুরুদন্ড প্রাপ্ত, সর্বশেষ ১ বছরে কোন লঘুদন্ড প্রাপ্ত, বিগত ৫ বছরের ভিতরে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত, বিগত ৪(চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত, বিগত ০৩(তিন) বছরের ভিতরে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত, পদোন্নতির জন্য ০৩(তিন)বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত, বর্তমানে বিভাগীয় ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৬। আবেদনকারী প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, সর্বশেষ ৩ বছরে কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ১ বছরে কোন লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ৫ বছরের ভিতরে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ৪ বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৩(তিন) বছরের ভিতরে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা

(অপর পাতা দৃষ্টব্য)

